

প্রত্যাবর্তন

যে পথে গিয়েছি আমি ফিরে আসি ঠিক সেই পথে
দেখি, পথ তার পরিপার্শ্ব বদলে নিয়েছে

যেখানে রত্নছোপ সেখানেই দেখেছি যে ফুলের বাগিচা
অন্ধকার মেয়েটিকে দেখি পথ বদলে নিয়েছে

এরকম বিনিময় শরিকী বিবাদ হেতু যদি ভাবা যায়
তুমিও কল্পনা কর ফিরে আসা, নগ্ন, অসহায়

রাহুল পুরকায়স্থ

